চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতার হারানো মোবাইল উদ্ধার

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতার হারানো মোবাইল ফোন উদ্ধার করেছে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল। উদ্বোধনের পর থেকেই একের পর এক সাফল্য ও উদ্ধার কার্যক্রম অব্যহত রেখেছে।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, বিকাশ প্রতারণা, মোবাইল উদ্ধার, অনলাইন প্রতারণা সহ সোশ্যাল মিডিয়ায় প্রতারণা স্বীকার ও ভুক্তভোগীদের বিভিন্ন ধরণের আইনগত পরামর্শ ও সেবাদান করে চলছেন। তারই ধারাবাহিকতায় ফেরদৌসি আক্তার, প্রভাষক, রসায়ন বিজ্ঞান, বেরইল বাজার স্কুল এ্যান্ড কলেজ, মাগুরা।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা কে জানান যে, গত ১৯ এপ্রিল দারুস সালাম থানাধীন মাজার রোড হতে ফেরার পথিমধ্যে তার ছেলে সাদমান সাকিব ইফতি (এনাম মেডিকেল কলেজে অধ্যয়নরত) এর সখের SAMSUNG A50s মোবাইল ফোনটি হারিয়ে যায়। এসংক্রান্তে দারুস সালাম থানা, ডিএমপি, ঢাকা’য় একটি সাধারণ ডায়েরী করেছেন।

পুলিশ সুপার তাৎক্ষণিকভাবে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা’কে হারানো মোবাইল ফোনটি উদ্ধারের নির্দেশ প্রদান করেন। সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন টিম তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা আন্তরিকতার সাথে মোবাইল ফোনটি উদ্ধারের চেষ্টা চালিয়ে যান। অবশেষে উক্ত হারানো মোবাইল ফোনটি ঢাকা জেলার সাভার থানা এলাকা থেকে উদ্ধার করতে সক্ষম হন।

মুজিবনগরে ভূমি সেবা সপ্তাহ ২০২২ উদযাপিত

মুজিবনগরে ‘সকল ভূমি সেবা এক ঠিকানায়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা ভূমি অফিসের আয়োজনে, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের নেতৃত্বে একটি র্যালি বের করা হয়।

র্যালি শেষে উপজেলা পরিষদ অডিটরিয়ামে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার

আলোচনা অনুষ্ঠানে বলেন, ভূমি সেবাকে সহজলভ্য ও দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গনে ১৯ তারিখ থেকে ২৩ তারিখ পর্যন্ত ভূমি সেবা সপ্তাহ পালন করা হচ্ছে। এখানে উপজেলার ভূমি মালিকদের খুব সহজে এবং বিনামূল্যে ভূমি সেবা প্রদান করা হবে এবং ভূমি সম্পর্কিত যেকোনো বিষয়ে সেবা প্রদান করা হবে।

ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

ভূমিহীন ও গৃহহীনদের ঘর নির্মাণ প্রকল্পের কাজ পরিদর্শন করেন ইউএনও

মুজিববর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার দামুড়হুদা উপজেলায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ঘর নির্মাণ প্রকল্পের

নির্মাণাধীন ঘরের কাজ পরিদর্শন করেছেন উপজেলার নির্বাহী অফিসার সানজিদা বেগম।

বৃহস্পতিবার বিকেল ৩টা সময় উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নে নির্মিত ১৮টি ঘর পরিদর্শন করেন। এ সময় কাজের অগ্রগতি ও বিভিন্ন দিক-নির্দেশনা দেন তিনি, গৃহ নির্মাণ কাজ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি সুদীপ্ত কুমার সিংহ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, ইউপি সদস্য বৃন্দ প্রমুখ।

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনারের স্বাধীনতা সড়ক পরিদর্শন

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মোহাম্মদ ইমরান ভারত সীমান্ত হয়ে স্বাধীনতা সড়ক পরিদর্শন করে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে পুনরায় ভারতে ফিরে গেছেন।

বৃহস্পতিবার দুপুরে তিনি স্বাধীনতা সড়ক পরিদর্শনের লক্ষ্যে চাপড়া হয়ে স্বাধীনতা সড়ক দিয়ে পদব্রজে ঐতিহাসিক মুজিবনগর আসেন এবং মুজিবনগর স্মৃতিসৈাধে পুষ্পস্তবক অর্পনের পর মুক্তিযুদ্ধ জাদুঘর, মানচিত্র ও ভাস্কর্য পরিদর্শন করেন।

এরপর সংক্ষিপ্ত সফর শেষ করে ভারতে ফিরে যান। তার সাথে সফরসংগী হিসেবে ছিলেন কৃষ্ণনগর ডিএমএ প্রথম সচিব শামসুল আরিফ। বাংলাদেশের সীমান্তে প্রবেশ করলে তাকে স্বাগত জানান অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এবং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

এসময় আরোও উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধিগন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনী বিজিবি সফরের বিশেষত্ব কি জানতে চাইলে তিনি বলেন,খুব দ্রুত

স্বাধীনতা সড়ক দিয়ে দুদেশের মানুষজন যাতাযাত করতে পারবে বলে আসা করছি।

চুয়াডাঙ্গায় ভূমি সেবা সপ্তাহের উদ্বোধন

চুয়াডাঙ্গায় ৫ দিন ব্যাপি ভূমি-সেবা সপ্তাহের উদ্বোধন করা হয়েছে। ভূমি অফিসে না এসে ডিজিটাল ভূমি সেবা গ্রহন” এ শ্লোগানকে ধারন করে চুয়াডাঙ্গায় ভূমি সেবা সপ্তাহ শুরু হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে এ কার্যক্রম শুরু হয়। ৫ দিন (১৯-২৩ মে) ব্যাপী সেবা সপ্তাহে প্রতিদিন সকাল ৯ টা থেকে ৫ টা পর্যন্ত ভূমি মালিকদের সেবা প্রদান করা হবে।

নাম জারি, অনলাইনে রেজিষ্ট্রেশন, ভূমি কর প্রদানসহ ভূমি সংক্রান্ত সব ধরনের সেবার ব্যবস্থা রয়েছে। এ উপলক্ষে ৪ টি স্টল দেয়া হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান সকালে মেলা শুরু হলে স্টলগুলো ঘুরে দেখেন এবং তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ সেদিন হলো, যেদিন থেকেই ভূমি ব্যবস্থাপনা শুরু হলো। জমির মালিকরা ঘরে বসেই আবেদন করেই সব কাজ করতে পারবেন। ভূমি ব্যবস্থাপনা ওই ভাবে ছিলোনা।

কালক্রমে ১৮৭৫ সালে সার্ভে এ্যাক্ট চালু হয়। ভূমির খাজনা নিতে দাখিলা লাগবে না। রেজিস্ট্রেশন করলে নিজেরা ঘরে বসেই খাজনা দিতে পারবেন। মিউটেশন করতে পারবেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে গেলেও সেবা পাবেন। সেবা সহজীকরণ করে মানুষের দৌরগোড়ায় পৌঁছে দিতে এটাই আশা করবো।

সারাদেশে অনলাইন ভিত্তিক ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত ডাটা এন্ট্রি কার্যক্রম চলমান। সকল ভূমি মালিকগণকে তাদের মোবাইল

নম্বর, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ১ কপি ছবি, নামজারি খতিয়ানের ফটোকপি সর্বশেষ খতিয়ানের ফটোকপি, সর্বশেষ ভূমি উন্নয়ন কর পরিশোধের দাখিলার কপি।

সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টারে যোগাযোগ করে ভূমির মালিকানা সংক্রান্ত তথ্য অনলাইনে এন্ট্রি দেওয়া নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছে অথবা নিজ নিজ ইউনিয়ন পৌর ভূমি অফিসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) শারমিন আক্তার, চুয়াডাঙ্গা সদর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদাত হোসাইন, নজরুল ইসলাম, পৌর ভূমি কর্মকর্তা আতিকুল ইসলাম সহ বিভিন্ন স্থান থেকে আগত সেবা গ্রহীতা।

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ১টি বিদেশী পিস্তল, গুলি ও ম্যাগাজিন উদ্ধার

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ১টি বিদেশী পিস্তল উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছেন র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার স্কোয়াড্রন লীডার মোহাম্মদ ইলিয়াস খান।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বুধবার রাতে আনুমানিক রাত সাড়ে ১০টার সময় গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানীর একটি টিমের আভিযানিক দল কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার জুনিয়াদহ পাঠানপাড়া গ্রামে বিশেষ অভিযান পরিচালনা করে।

এসময় পরিত্যক্ত অবস্থায় ১টি বিদেশী পিস্তল, ১ রাউন্ড গুলি ও ১টি ম্যাগাজিন উদ্ধার করা হয়। পরবর্তীতে উদ্ধারকৃত আলামত জব্দ করে ভেড়ামারা থানায় জিডি মূলে হস্তান্তর করা হয়েছে।

কোটচাঁদপুরে পরিবারের সঙ্গে অভিমানে বৃদ্ধের আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে পরিবারের সঙ্গে অভিমানে শরিফুল ইসলাম
(৫৫) নামে এক বৃদ্ধ গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার সকালে উপজেলার কুশনা ইউনিয়নের তালশার ঘাঘা গ্রাম থেকে পুলিশ তার লাশ উদ্ধার করে। শরিফুল ওই গ্রামের মৃত আফতাব আলীর ছেলে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, তিন সন্তানের জনক শরিফুলের স্ত্রী তিন বছর আগে মারা যায়। এর পর থেকেই তিনি মানসিক ভাবে ভেঙ্গে পড়েন। অসুস্থ হয়ে বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নিয়েছেন।

বুধবার রাতে সবাই যখন ঘুমিয়ে ছিলেন, এ সময় শরিফুল নিজের ঘরে বাঁশের আড়ার সাথে রশি দিয়ে আত্মহত্যা করেন। সকালে পরিবারের লোকজন তার মরদেহ ঝুলতে দেখে পুলিশে খবর দেয়।

পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

কুষ্টিয়ায় কলেজছাত্রের মরদেহ উদ্ধার

কুষ্টিয়ায় জীবন (১৬) নামে এক কলেজছাত্রের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার আইলচারা ইউনিয়নের নাজিরপুর এলাকার একটি পুকুরপাড় থেকে মরদেহটি উদ্ধার করা হয়। পুলিশের ধারণা তাকে হত্যা করে সেখানে রাখা হয়েছিলো।

নিহত জীবন একই ইউনিয়নের দহকুলা গ্রামের শুকুর আলীর ছেলে। গতবছর দহকুলা শাহী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পাশ করে স্থানীয় কলেজে ভর্তি হয়েছিল সে।

নিহতের পরিবার সূত্রে জানা গেছে, বুধবার দুপুর থেকে নিখোঁজ ছিল জীবন। বৃহস্পতিবার স্থানীয়দের কাছ থেকে খবর পেয়ে পার্শ্ববর্তী নাজিরপুর এলাকার একটি পুকুরপাড় থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। তাকে নির্যাতনের পর হত্যা করা হয়েছে বলে দাবি স্বজনদের।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাব্বিরুল আলম জানান, খবর পেয়ে মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ঘটনাস্থলে নেশাদ্রব্যের আলামত পাওয়া গেছে। ধারণা করা হচ্ছে, কে বা কারা তাকে হত্যা করে মরদেহ ফেলে পালিয়ে গেছে।

মুজিবনগরে বিদেশি পাখিসহ ২ জন আটক: ভ্রাম্যমান আদালতে জেল ও জরিমানা

মুজিবনগরে অভিযান চালিয়ে ২২ লক্ষাধিক টাকা মূল্যের বিদেশি পার্পেল স্টারলিং ও ম্যাকাও পাখিসহ ২ জনকে আটক করেছে উপজেলা নির্বাহী অফিসার ও মুজিবনগর থানা পুলিশ ।

বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে মুজিবনগর উপজেলাধীন মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের গোপালনগর যাত্রী ছাউনীর পাশ থেকে ভারতে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়ার সময়

নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনাকালে এসআই ঈস্রাফিল এর নেতৃত্বে সঙ্গীয় মুজিবনগর থানার একটি চৌকস দলের উপস্থিতিতে মূল্যবান পার্পেল স্টারলিং ও ম্যাকাও নামক দুই জাতের বিদেশি পাখি ও ইজিবাইক সহ মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের বারেক আলীর ছেলে

বাশারুল শেখ (৩৫) এবং একই গ্রামের মৃত নূর হকের ছেলে হাবিবুর রহমান (২৮) কে আটক করা হয়। বৃহস্পতিবার (১৯ মে) সন্ধ্যার পর মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে আটক কৃত এক জনকে এক মাসের কারাদণ্ড ও অপরজনকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সুজন সরকার।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল পাখি আটকের বিষয়টি নিশ্চিত করেছেন।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা বন কর্মকর্তা মাসুদুর রহমান বলেন, মুজিবনগর থানা পুলিশ আটককৃত পাখিগুলো বনবিভাগের হাতে বুঝিয়ে দিয়েছে। উপজেলা বন বিভাগ বিভাগীয় বন কর্মকর্তার নির্দেশে পাখিগুলো বঙ্গবন্ধু সাফারি পার্কে অবমুক্ত করা হবে।

মেহেরপুরে স্বতন্ত্র মেয়র প্রার্থী মতুর বিরুদ্ধে তথ্য গোপনের অভিযোগ

মেহেরপুর পৌরসভা নির্বাচনে স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতুর বিরুদ্ধে হলফনামায় তথ্য গোপনের অভিযোগ করেছেন আওয়ামী লীগ প্রার্থী মাহফুজুর রহমান রিটন।

আজ বৃহস্পতিবার মেহেরপুর নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা তারেক আহমেদের কাছে এ বিষয়ে লিখিত অভিযোগ করেন মাহফুজুর রহমান রিটন।

লিখিত অভিযোগে তিনি জানান, স্বতন্ত্র মেয়র প্রার্থী মো: মোতাচ্ছিম বিল্লাহ মতু মনোনয়ন ফরমের সাথে দাখিলকৃত হলফনামায় স্থাবর সম্পত্তির ঘরে তাঁর ক্রয়কৃত ০.০৪৯৫ একর জমি যার দলিল নম্বর ১০৭৩/২০ এবং ভাইবোনদের সাথে বন্টন করা জমি যার দলিল নম্বর ৪২৪৪/১৮ এই দুটি জমি স্থাবর সম্পত্তি হিসেবে উল্লেখ করেননি। যা নির্বাচন আইনে তথ্য গোপন হিসেবে বিবেচিত।

এ বিষয়ে মেহেরপুর পৌর নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা তারেক আহমেদ বলেন, অভিযোগ পেয়েছি। সম্পত্তি সংক্রান্ত বিষয়ে এনবিআর দেখবে। তবে অভিযোগের বিষয়টি তদন্ত করে দেখা হবে।

তিনি আরো বলেন, বৃহস্পতিবার প্রার্থীতা যাচাই বাছাই শেষে চার জন মেয়র প্রার্থীর মধ্যে মাহফুজুর রহমান রিটন ও মোতাচ্ছিম বিল্লাহ’র প্রার্থীতা বৈধ হয়েছে। বাকি দুজন আরিফুল এনাম বকুল ও কাউসার আলীর প্রার্থীতা বাতিল হয়েছে।

তবে এ ব্যাপারে স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতুর মোবাইল ফোনে যোগাযোগ করা হলে অনেক ক্ষণ ধরে ব্যস্ত থাকায় কথা বলা সম্ভব হয়নি। পরে তিনি ফোন কল ব্যাকও করেননি।